কোটচাঁদপুরে ট্রাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী মৃত্যুর ঘটনায় থানায় মামলা

ট্রাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী মৃত্যুর ঘটনায় মামলা হয়েছে কোটচাঁদপুর মডেল থানায়। তবে আটক হয়নি ঘাতক ট্র্যাক্টর ও ড্রাইভার । গতকাল শুক্রবার মৃতের ভাই মহাসিন আলী বাদি হয়ে এ মামলা করেছেন বলে জানিয়েছেন মামলার তদন্ত কর্মকর্ত।

জানা যায়, গতকাল শুক্রবার (০৩-০২-২৩)বেলা ১২ টার সময় উপজেলার গালিমপুর গ্রামের দাস পাড়া মোড়ে মাটি বোঝাই ট্রাক্টরের সঙ্গে ধাক্কা লাগে মটর সাইকেল আরোহী মাহমুদুল ইসলাম (২৫) ও রবি(২৪)। এতে করে গুরুত্বর আহত হন তারা। পরে স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মাহমুদুল ইসলাম (২৫)কে মৃত বলে ঘোষণা দেন আর রবিকে উন্নত চিকিৎসার জন্য যশোর হাসপাতালে রেফার্ড করেন।

পরে পুলিশ মৃত দেহ উদ্ধার করে। ডাক্তার সড়ক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে বলে নিশ্চিত করায় মরদেহ তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়। ওই ঘটনায় মৃতের ভাই মহাসিন আলী বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেন।
মামলা নাম্বার -০২,তারিখ-০৩-০২-২৩। ওই মামলায় আসামি করা হয়েছে ট্রাক্টর ড্রাইভার সমীর হোসেনকে। সে পৌর এলাকার রুদ্রপুর গ্রামের মাঠপাড়ার খলিল উদ্দিনের ছেলে। তবে মামলা হলেও আটক হয়নি আসামি। উদ্ধারও হয়নি ঘাতক ট্রাক্টর টি।

জানা যায়, মাহমুদুল হাসান ছিলেন,জাপান টোবাকো কালিগঞ্জ অফিসের স্টোর কিপার। সে যশোর ঝিকরগাছার গদখালি এলাকার নুরুল ইসলামের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর মডেল থানার উপপরিদর্শক (এসআই) ও তদন্ত কর্মকর্তা সিরাজুল আলম বলেন,গতকালের সড়ক দুর্ঘটনার ঘটনায় মৃতের ভাই মহাসিন আলী বাদি হয়ে এক জনের নামে মামলা করেছেন। আসামি ধরতে অভিযান অব্যহত রয়েছে।

[redacted]

[redacted]

রবিউল ইসলাম, শরীফ হোসেন, আনিসুর রহমান ফুটান,রাহুল হোসেন,আমিরুল সর্দার,। এদের মধ্যে স্বপনকে আটক করে পুলিশ আদালতে পাঠিয়েছেন। তাজুল ইসলাম কোটচাঁদপুর উপজেলার আশাননগর গ্রামের মৃত হবিবুর রহমানের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক ও মামলার তদন্তকারি কর্মকর্তা হারুন অর রশিদ বলেন,ইউপি সদস্যকে মারপিটের ঘটনায় থানায় এজাহার নামীয় ৮ আসামী করা হয়েছে। মামলা নাম্বার ৫,তারিখ -০৩-০৯-
২২। ওই মামলায় ১ জন আটক করে আদালতে সোপর্দ করা হয়েছে।